রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৮৯

তারিখঃ ০২/০৬/১৪৩০ বঙ্গাঃ
১৭/০৯/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ **বিষয় ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) এর বিরুদ্ধে অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা এর অঃ দাঃ নং-৫৮৪৩ তারিখঃ ১৬/০১/২০২২খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত শৃঙ্খলা পরিপন্থী কার্যকলাপের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। বর্ণিত অভিযোগের প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৪০, তারিখঃ ০৭/০৩/২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা'র দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৪.১৯.৩১৫.২১.৪০ তারিখঃ ১৩/০১/২০২২ খ্রিঃ মোতাবেক আপনাকে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী হতে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলি করা হলে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহীর স্মারক নং-পিএফ/১৮৫ তারিখঃ ১৬/০১/২০২২ খ্রিঃ মোতাবেক বদলিকৃত দপ্তর অর্থাৎ ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় যোগদান করার নিমিত্ত ১৬/০১/২০২২ খ্রিঃ তারিখে আপনাকে অব্যাহতি প্রদান করার পরও আপনি আপনার বদলিকৃত কর্মস্থল ভোলা পওর বিভাগ-২ এ যোগদান করেননি অর্থাৎ আপনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে গত ১৭/০১/২০২২খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরি প্রবিধানমালা ২০১৩ প্রবিধান ৪৮(খ), ৪৮(গ) ও ২ (১৩) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের শামিল।

৩। যেহেতু, আপনি জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১), অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্তকৃত), রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী (ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা বদলি আদেশাধীন) উপরোক্ত কাজ করে এরূপ আচরণ করেছেন যা অসদাচরণ ও পলায়নের শামিল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(খ) ও ৪৮(গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৫। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার ওপর আরোপ করা হবে না উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(ক) মোতাবেক শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-৯৯ তারিখঃ ১৫/১১/২০২২ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার দাপ্তরিক ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। দাপ্তরিক ঠিকানার পত্রটি ডাক বিভাগের মন্তব্যসহ (প্রাপক বর্তমান ঠিকানা অফিসে জয়েন করে নাই ফেরৎ) ফেরত আসে। স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটির কোন জবাব পাওয়া যায়নি। অভিযোগনামায় ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও আপনি অভিযোগনামায় আনীত অভিযোগের জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৬০১.২২-০৯ তারিখঃ ২২/০২/২০২৩ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

ক্রমিক নং 7069 তারিখ 26/09/23
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
ডাটা এন্ট্রি অপারেটর
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক 28/09/2023
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

অঃ পৃঃ দ্রঃ

৬।	যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে কর্মচারী পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৪.১৯.৩১৫.২১.৪০ তারিখ ১৩-১-২০২২ খ্রিঃ এর মাধ্যমে রাজশাহী পওর বিভাগ, বাপাউবো, রাজশাহী হতে ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলায় বদলির প্রেক্ষিতে, রাজশাহী পওর বিভাগ হতে ১৬/০১/২০২২ তারিখে আপনাকে অব্যাহতি প্রদান করা হলে আপনি বদলিকৃত দপ্তরে যোগদান না করে অর্থাৎ ১৭/০১/২০২২খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি কারণে শৃঙ্খলা বিরোধী কার্যকলাপ, অসদাচরণ, ঊর্ধতন কর্মকর্তার নির্দেশ পালনে অবজ্ঞা প্রভৃতি অভিযোগসমূহ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (খ) ও (গ) মোতাবেক অসদাচরণ, ও পলায়নের শামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবো'র চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৫।	সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৭/০১/২০২২ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবো বোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-৩৭ (সাইত্রিশ) পাতা।

২৭/০৩/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

প্রাপক,
জনাব মোঃ কামরুল হাসান (আইডি নং-৮৭০৬২৭০০১),
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।
স্থায়ী ঠিকানা
পিতাঃ মোঃ আব্দুল মজিদ খান
হোল্ডিং-৫৭
গ্রামঃ উত্তর বড়গাছা
ডাকঘরঃ নাটোর (৬৪০০)
থানাঃ নাটোর সদর
জেলাঃ নাটোর।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

E:\Bayezid\O. O. for dismissal\Rajshi.doc9